

## টঙ্গীতে বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন

ঢাকা (উত্তর) প্রতিনিধি

এমপি জাহিদ আহসান রাসেল বলেছেন, বর্তমান সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে চলছে দেশ। সোমবার সন্ধ্যায় টঙ্গী নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্য রাখেন এসব কথা বলেন। বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি মতিউর রহমান মতির সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মোফাঃজল হোসেন, মো. শহীদুল্লাহ মোল্লা, ওয়ার্ড কাউন্সিলর নুরুল ইসলাম নূর, বজলুর রশিদ, কবিতা বসু, কাইয়ুম সরকার, মামুন মোল্লা, জাহিদুল কবির আনোয়ার, রেজাউল করিম ও এ কে এম পলাশ প্রমুখ।